

সরকারি স্কুলে ভর্তিযুদ্ধ শুরু

যুগান্তর রিপোর্ট

প্রচণ্ড শীতের ভেতরেও নির্ধারিত সময় সকাল ৯টায় বেশ আগেই কুদে শিক্ষার্থীরা যুদ্ধে প্রবেশপত্র এঁট করে হাজির হয়েছিল ভর্তি যুদ্ধে অংশ নিতে। অধিকাংশ স্কুলে সীমিত আসনের বিপরীতে হাজার হাজার শিক্ষার্থী গতকাল রাজধানীর সরকারি স্কুলগুলোর প্রথম দিনের ভর্তি পরীক্ষায়

অংশ নেয়। ভিড় সামলাতে স্কুল কর্তৃপক্ষ পুলিশের পাশাপাশি রোডার স্টাউট ও বেড ক্রিসেন্টের সদস্যদের সহায়তা নেন। গতকাল 'ক' গ্রুপের আওতায় গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এসব স্কুলে প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত বিভিন্ন শ্রেণীর মোট ২ হাজার ৩৭৫টি আসনের বিপরীতে ১১ হাজার ৮১৪ ছান শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে গভর্নমেন্ট ল্যাবরেটরিতে সর্বোচ্চ এবং নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুলে সর্বনিম্ন সংখ্যক পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে। গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুলে সকাল ৮টা থেকেই ছিল অভিভাবকদের উপচেপড়া ভিড়। এখানে একটি আসনের ছানা গড়ে

১৩ জন প্রার্থী অংশ নিয়েছে। বিভিন্ন শ্রেণীর মোট ২৮৭টি আসনে পরীক্ষা দিয়েছে ৩ হাজার ৮১৫ ছান। এর মধ্যে প্রথম শ্রেণীর ২৪০টি আসনের বিপরীতে ২ হাজার ৬০০, ষষ্ঠ শ্রেণীর ২০টি আসনের বিপরীতে ৩০০, দ্বিতীয় শ্রেণীতে ৬টি আসনে ১৫০, তৃতীয় শ্রেণীর ৮টিতে ২৫০, ভর্তি যুদ্ধ : পৃষ্ঠা : ১৫ কলাম : ১

ভর্তি যুদ্ধ : শুরু

(শেষ পৃষ্ঠার পর)

চতুর্থ শ্রেণীতে ৬টি আসনে ১৫০ এবং পঞ্চম শ্রেণীর ২টি আসনে ৭০ জন প্রার্থী পরীক্ষায় অংশ নেয়। এছাড়া মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৪৭২টি আসনের ছানা ১ হাজার ৬০৪, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৪২৮টি আসনে ২ হাজার ৬৪২, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৬৮টি আসনে ১ হাজার ৪৫২ এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৬৭টি আসনে ১ হাজার ১৭৫ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নেয়। তবে বাকি তিনটি স্কুলে তেমন প্রতিদ্বন্দ্বিতা ছিল না। এর মধ্যে নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৬৩টি আসনে ৫৬০, নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুলে ১০৫টি আসনে ১১৬ এবং ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়ে ১৮৫টি আসনের বিপরীতে ৩৫০ জন প্রার্থী ভর্তি পরীক্ষা দিয়েছে। সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত প্রথম থেকে পঞ্চম শ্রেণী এবং বেলা আড়াইটা থেকে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত ৬ষ্ঠ থেকে নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রথম থেকে তৃতীয় শ্রেণীতে ভর্তিচ্ছুদের প্রাধান্যেই বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ক সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর লিখতে হয়। চতুর্থ থেকে নবম শ্রেণীর শিক্ষার্থীরা ভিন্ন উত্তরপত্রের উত্তর লিখেছে। গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুলের প্রধান শিক্ষক রশিদ উদ্দিন জাহিদ জানান, প্রচণ্ড ভিড় সত্ত্বেও শান্তিপূর্ণ পরিবেশে তার স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয়ভাবে উত্তরপত্র মূল্যায়ন শেষে একযোগে 'ক' গ্রুপের স্কুলগুলোর ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হবে বলে তিনি জানান। আগামীকাল 'খ' গ্রুপের ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।



গতকাল শুরু হয়েছে সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা। ছবিতে ভর্তিযুদ্ধে যোগ দেয়া ছাত্রদের লাইন ধরিয়ে অভিভাবকদের কাছে নিয়ে যাওয়া হচ্ছে। ছবিটি গভঃ ল্যাবরেটরি স্কুল থেকে তোলা-যুগান্তর